আলমডাঙ্গার গোকুলখালিতে ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে যুবক নিহত

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় ট্রাক-আলমসাধুর মুখোমুখি সংঘর্ষে সুজিত মাঝি (৩২) নামের এক যুবক নিহত হয়েছে। দুর্ঘটনার পর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত ব্যাক্তিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

রবিবার সকাল সাড়ে ৯ টায় চুয়াডাঙ্গা-মেহেরপুর আঞ্চলিক মহাসড়কের উপজেলার গোকুলখালি এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত সুজিত মাঝি চুয়াডাঙ্গা সদর উপজেলার হাজরাহাটি গ্রামের মৃত রতন মাঝির ছেলে।

স্থানীয়রা জানান, রবিবার সকালে সুজিত আলমসাধু যোগে মেহেরপুরে মুদি দোকানের মালামাল নিয়ে যাচ্ছিলো। পথেই গোকুলখালি বাজার প্রাঙ্গণে পৌছালে বিপরীত দিক থেকে আসা ট্রাকে মুখোমুখি সংঘর্ষ হয়। নিহত সুজিত আলমসাধু গাড়ি থেকে ছিটতে রাস্তায় পড়ে গুরুত্বর আহত হয়। চুয়াডাঙ্গা সদর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে তাকে হাসপাতালে নিলে পথেই তিনি মারা যান।

নিহত সুজিত মাঝির মা বলেন, আমার ছেলে পেশায় আলমসাধু চালক। রবিবার সকালে এক ব্যক্তির সঙ্গে মুদি মালামাল নিয়ে মেহেরপুরে যাচ্ছিল। বাড়ি থেকে যাওয়ার ঘন্টা-খানেক পর শুনতে পাই, ছেলে আর বেঁচে নেই।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. নুরজাহান খাতুন বলেন, পরিক্ষা-নিরিক্ষার পর তাকে মৃত ঘোষণা করা হয়। সুজিতের মাথাসহ শরীরের বিভিন্নস্থানে আঘাতপ্রাপ্ত হয়েছিল। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, ঘটনার পর চালক ট্রাকটি নিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থল থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা আহত অবস্থায় সুজিতকে উদ্ধার করে সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। পরবর্তী আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন।

আলমডাঙ্গায় টিনের চালা কেটে চুরির মূল হোতা আরাফাত গ্রেপ্তার

টিন কেটে চুরি সিন্ডিকেটের মূল হোতা কিশোর আরাফাতকে আটক করেছে পুলিশ। গতকাল শনিবার পৌর এলাকার কাছারি বাজার প্রাঙ্গণে এক মাদ্রাসার ভ্যানের ব্যাটারি চুরির সময় সে গণধোলাই শিকার হয়। একপর্যায়ে ওই কিশোরকে পুলিশে তুলে দেয় স্থানীয়রা।
কিশোর আরাফাত হোসেন (১৯) কালিদাসপুর ইউনিয়নের আসাননগর গ্রামের হাসান শেখের ছেলে।

পুলিশ ও স্থানীয়রা জানান, গত কয়েকদিন যাবৎ আবারো আলমডাঙ্গার বিভিন্ন অঞ্চলে টিনের চালা কেটে চুরির ঘটনা ঘটছে। এমন ঘটনায় অনেকে আতঙ্কিত হয়ে পড়েছে। দীর্ঘদিন ঘরের টিনের চালা কেটে চুরির ঘটনা সংগঠিত হয়নি। হঠাৎ এমন চুরির রহস্যের সৃষ্টি হয়।

ইতোপূর্বে গত ২ মাস পূর্বে টিন কেটে চুরির চোর চক্রের মূল হোতা আরাফাত দামুড়হুদা থানার এক উপ-পরিদর্শক (এসআই)র বাড়ি থেকে বাগানের লিচু বিক্রির টাকা চুরি করে হঠাৎ নিরুদ্দেশ হয়। তারপর থেকেই আলমডাঙ্গায় টিন কেটে চুরির তৎপরতা কমলেও কিশোর আরাফাতের মা পুলিশের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ তোলেন।

চোর চক্রের মূল হোতা আরাফাতের তথ্য মতে, গত কয়েক মাস যাবৎ কুষ্টিয়া পোড়াদহ স্টেশন থাকা শুরু করে আরাফাত। ওখানেই বিভিন্ন অঞ্চলের কিশোরদের যোগসাজশে আরো বড় চোর চক্রের সিন্ডিকেট গড়ে তোলে। সন্ধ্যার ট্রেনে আলমডাঙ্গা আসে চোরচক্রের সদস্যরা। দীর্ঘ সময় স্টেশনের অদূরে সিগনালের নিকট অবস্থান করে। রাত হলেই বেরিয়ে পড়ে চুরি করতে। রাত-ভোর চুরি করে আবারো মাঝ রাত কিংবা সকালের গোয়ালন্দ ট্রেন যোগে পোড়াদহ স্টেশনে পৌছাই তারা।

গতকাল শনিবার সকালে আলমডাঙ্গা পৌর এলাকার কাছারি বাজার প্রাঙ্গণের দারুস সুন্নাহ নুরানি মাদ্রাসা থেকে তিনটি পাখি ভ্যানের ব্যাটারি চুরি করে। ব্যাটারি তিনটি নিয়ে যাবার সময়

স্থানীয়রা তাকে ধরে গণধোলাই শেষে পুলিশে সোর্পদ করে। এলাকাবাসীর উপস্থিতি টের পেয়ে আরাফাতের সঙ্গীরা পালিয়ে যায়। তার বিরুদ্ধে চুরি আইনে মামলা করেছে আলমডাঙ্গা থানাপুলিশ।

আলমডাঙ্গা বাড়াদি ইউনিয়নে সামসুল আবেদিন খোকনের গণসংযোগ ও পথসভা

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান কেন্দ্রীয় যুবলীগের সাবেক প্রেসিডিয়াম সদস্য চুয়াডাঙ্গা-১ আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশি শেখ সামসুল আবেদীন খোকন মোটরসাইকেল শো-ডাউনের মাধ্যমে গণসংযোগ ও পথসভা করেছেন।

গতকাল শনিবার বিকেল ৪ টার দিকে ইউনিয়নের বাড়াদি, এনায়েতপুর, পোলতাডাঙ্গা, আঠারোখাদা ও নতিডাঙ্গায় এ গণসংযোগ ও পথ সভা করেন। এসময় তিনি প্রতিটি বাজারে উপস্থিত সাধারণ মানুষের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনার নৌকায় ভোট দিয়ে দেশকে এগিয়ে নেবার জন্য ভোট চান।

পোলতাডাঙ্গা বাজারে তিনি এক পথ সভায় বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রী গত ১৪ বছরে দেশের প্রতিটি গ্রাম-গঞ্জের রাস্তাঘাটের ব্যাপক উন্নতি করেছে। স্কুল কলেজের ভবন নির্মাণ করেছে। কৃষি খাতে ভর্তূকির মাধ্যমে কৃষকের সার বীজের ব্যবস্থা করেছে। পদ্মা সেতু, মেট্রো রেলসহ স্বাস্থ্য খাতে ব্যাপক উন্নয়ন করেছে। এসব দেখে বিএনপি-জামায়াত দেশে নানা চক্রান্ত ও ষড়যন্ত্র শুরু করেছে। এসব ষড়যন্ত্র ও চক্রান্ত দাঁত ভাঙা জবাব নিতে এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নৌকায় ভোট দিয়ে আবারো ক্ষমতায় আনতে হবে।

গণসংযোগ ও পথসভায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবলীগের নির্বাহি সদস্য মোস্তাফিজুর রহমান মাসুদ,জেলা কৃষকলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল হোসাইন দীপক, সাবেক ছাত্রনেতা ও পৌর

কাউন্সিলর আশরাফুল হক, আওয়ামীলীগ নেতা খাইরুল হোসেন, যুবলীগ নেতা স্বপন, মাসুম বিল্লাহ, উপজেলা যুবলীগ নেতা রুবেল হোসেন, এসএম বাসার রিভেন, যুবলীগ নেতা শিপন বিশ্বাস, রনি, রিফাত, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগ নেতা ইমতিয়াজ নিপ্পন, আলমডাঙ্গা উপজেলা ছাত্রলীগ নেতা শাহরিয়ার তপু, শেখ শাকিল, তামিম, মিয়াদ, পৌর ছাত্রলীগ নেতা সাব্বিরুজ্জামান সাব্বির, তারেক, কলেজ ছাত্রলীগ নেতা আশিক, মাহিন, ইমন, টগর, বান্না, নাইম, হারদী ইউনিয়ন ছাত্রলীগ নেতারানা, নাফিজ, জনি, হাবিল, তানজিম, লিমন, অনিক, দিলদিল প্রমুখ।

আলমডাঙ্গায় দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল

আলমডাঙ্গায় উপজেলা বিএনপির উদ্দ্যোগে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। বুধবার ১৬ আগস্ট আনন্দধাম রোডের পুরাতন জামে মসজিদে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি আক্তার হোসেন জোয়ার্দ্দারের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরিফ।

প্রধান বক্তা ছিলেন পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু। বিশেষ অতিথি ছিলেন উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, পৌর বিএনপির সাধারন সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, উপজেলা বিএনপির সহসাধারন সম্পাদক মকবুল হোসেন, পৌর বিএনপির সহসাধারন সম্পাদক মহাবুল হক মাস্টার, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম।

উপজেলা যুবদলের সদস্য সচিব রফিকুল ইসলামের উপস্থাপনায় ইউনিয়ন বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে উপস্থিত ছিলেন আব্দার আলী, আমজাদ

হোসেন, আলম শাহ, রফিকুল ইসলাম, টিপু সুলতান, মোবাশেরুজ্জামান খান প্রবাশ, আসাদুজ্জামান বকুল, শাহিদুদ্দোজা মিল্টন,বোরহান উদ্দিন, আব্দুর রশিদ, আতাউল হুদা, শফিকুল ইসলাম, আলাউদ্দিন খান, আবু বকর সিদ্দীক, পলাশ আহমেদ, শাহিনুর রহমান, আব্দুল রাজ্জাক রাজা, আলমঙ্গীর হোসেন লালন, পৌর ওয়ার্ড বিএনপির সভাপতি সম্পাদকের মধ্যে হাফিজুর রহমান চমক, আব্দুর জব্বার, সাহেল মাসুদ, আমিরুল ইসলাম পান্নু, আবু জাফর, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক চৌধুরী জাহাঙ্গীর আলম বাবু, পৌর যুবদলের যুগ্ম আহবায়ক আবএদর, সাইফুল ইসলাম, হাফিজুর রহমান, মিনারুল ইসলাম, রাজু আহম্মেদ, যুবদল নেতা মিলন হোসেন, উপজেলা ছাত্রদল নেতা মাসুদ রানা, রকিবুল ইসলাম টগর,বকুল, মাবুদ, কলেজছাত্রদলের সদস্য সচিব লিমন, যুগ্ম আহবায়ক রাজ প্রমুখ।

আলমডাঙ্গার হারদি পুলিশের ওপেন হাউজ ডে ও মতবিনিময় সভা

পুলিশের সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দিতে আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে ও ওসমানপুর ফাঁড়িপুলিশের আয়োজনে ওপেন হাউজ ডে ও বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে হারদি বাজারস্থ ইউনিয়ন ভূমি অফিস প্রাঙ্গণে এ সভার আয়োজন করা হয়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম।

অনুষ্ঠানে হারদি বাজার কমিটির সাবেক সভাপতি আশরাফুল হক চুন্নুর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (তদন্ত) একরামুল হক, হারদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, ওসমানপুর ফাঁড়ির আইসি (পরিদর্শক) আবুল কাশেম, সাবেক ইউপি সদস্য লাল্টু, ইউপি সদস্য টিপু, থানার উপ-পরিদর্শক (এসআই) আমিনুল ইসলাম, (এসআই) মারজাহান, এএসআই

রিয়াজুল ইসলাম, এএসআই অরুপ প্রমূখ।

সভায় প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত পুলিশ সুপার বলেন, আমি চুয়াডাঙ্গায় যোগদান করেছি গত সপ্তাহে। প্রথমে হারদী ইউনিয়ে আপনাদের সাথে কথা বলতে এসেছি। আমি ২০১০ সালে ২৮তম বিসিএস’র মাধ্যমে পুলিশ বিভাগে যোগদান করেছি। চুয়াডাঙ্গা আমার প্রাণের জেলা। আমি পাশের জেলা ঝিনাইদহ ক্যাডেট কলেজে লেখাপড়া করেছি। আমার বাড়ি খুলনায়।

তিনি বলেন,এক সময় পুলিশ দেখবেন জনগণের সাথে একই বাসায় থাকবে, আমরা আস্তে আস্তে আপনাদের সাথে মিশছি কেনো? আমাদের চাকরীটাই হলো জনগণকে সার্ভিস ডেলিভারী দেওয়া।

তিনি বলেন,বাল্যবিয়ের ব্যাপারে আপনারা ওসি সাহেবকে বলবেন,ইউএনও মহোদয়কে বলবেন,দু’জন মিলে এটা প্রতিহত করবেন। ডিজিটাল প্রতারণার বিষয়টি আপনারা সচেতন থাকবেন। অনলাইন মার্কেটিংয়ের নামে প্রতারণা করে থাকে । লোভে পড়ে কম মূল্যে পণ্য কিনতে গেলে প্রতারণার শিকার হতে পারেন। প্রতিষ্ঠিত কোম্পানী ছাড়া কোনন পণ্য কিনবেন না।

আনলাইন জুয়ার বিষয়ে আপনারা আপনাদের সন্তানদের সচেতন করবেন। মাদক শুধু মাত্র পুলিশ দিয়ে নির্মূল করা সম্ভব নয়। আপনারা সচেতন হবেন,আপনাদের সন্তানরা যেনো কোন ভাবেই মাদক ব্যবহার না করে সে দিকে খেয়াল রাখবেন

আলমডাঙ্গায় ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী মাসুদ গ্রেপ্তার

মারামারি মামলার গ্রেফতারি পরোয়ানাসহ তিন বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মাসুদ রানা (৩৪) কে গ্রেফতার করেছে পুলিশ।

মাসুদ রানা উপজেলার হারদি ইউনিয়নের গাঙপাড়ার আনিস উদ্দীনের ছেলে। গতকাল (১৫ আগস্ট) মঙ্গলবার সন্ধ্যায় ইউনিয়নের হারদি বাজার

প্রাঙ্গণ থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

জানাযায়, গত কয়েক বছর পূর্বে হারদি গ্রামে মারামারি ঘটনায় মাসুদ রানার বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলা আমলী ম্যাজিস্ট্রেট আদালতে মামলা হয়। ঘটনা ও মামলার পরই মাসুদ বিদেশে পাড়ি জমায়। মামলায় হাজিরা না হওয়া ও চলমান থাকায় কোর্ট তার বিরুদ্ধে ৩ বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন। এছাড়াও তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

এ আদেশের ভিত্তিতে উপজেলার হারদি বাজার থেকে মাসুদ রানাকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচির মধ্যদিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স প্রাঙ্গণে শেখ মুজিবুর রহমানের ম্যুরালে ফুল দিয়ে শ্রদ্ধা জানান আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) স্নিগ্ধা দাসসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা। একপর্যায়ে উপজেলা প্রশাসনের উদ্যোগে মুক্তিযোদ্ধা কমপ্লেক্স হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কীতির উপর আলোচনা সভা এবং বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে নির্বাহী অফিসার ইউএনও স্নিগ্ধা দাসের সভাপতিত্ব আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন।

এতে বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ,

উপজেলা ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজি মারজাহান নিতু, থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ, বীরমুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হুসাইন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা।

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ যুবক আটক

আলমডাঙ্গার মুন্সীগঞ্জে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আজ শুক্রবার সন্ধ্যায় মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশ গড়চাপড়া গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করে।

আটকৃত মাদক ব্যবসায়ী হলেন- জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের আব্দুল মজিদের ছেলে দুদু (১৯)।

পুলিশ জানায়, উপজলার জেহালা ইউনিয়নের গড়চাপড়া গ্রামের দুদু নামের এক যুবক দীর্ঘদিন মাদকদ্রব্য ট্যাপেন্টাডল ট্যাবলেট বিক্রি করছে। এমন গোপন তথ্যের ভিত্তিতে মুন্সিগঞ্জ ফাঁড়িপুলিশের আইসি উপ-পরিদর্শক (এসআই) ইউসুফ সঙ্গীয় ফোর্স মাদকবিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় মুন্সিগঞ্জ অঘোরনাথ মোড়ের ওয়াপদা নিকট থেকে গড়চাপড়া গ্রামের দুদুকে আটক করে পুলিশ। তার শরীর তল্লাশী করে ৫০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করে। শুক্রবার রাতেই তার বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করেছে পুলিশ। আজ শনিবার সংশ্লিষ্ট মামলায় কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠাবে পুলিশ।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ যুবক গ্রেপ্তার

আলমডাঙ্গা পৌরশহরের রেল স্টেশনের নিকট থেকে ৬০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট দুইজন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যা ৬ টার দিকে থানাপুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকৃতরা হলেন, পৌর এলাকার বাবুপাড়ার মৃত আকমল হোসেনের ছেলে সাদ্দাম হোসেন (২৩), স্টেশন পাড়ার রেজাউল ইসলামের ছেলে রুবেল হোসেন (২৭)। আটকৃতদের আজ শুক্রবার কোর্টের মাধ্যমে জেল হাজতে পাঠানো হবে।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার পৌর এলাকার রেল স্টেশন নিকট দুজন যুবক মাদক ব্যবসার উদ্দেশ্যে অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় সাদ্দাম ও রুবেল নামের দু’যুবককে গ্রেপ্তার করে। তাদের শরীর তল্লাশী করে পুলিশ ৬০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট জব্দ করে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে আলমডাঙ্গা থানায় মামলা হয়েছে।

আলমডাঙ্গার দুটি চালের দোকানে ভ্রাম্যমান আদালতের জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত দুটি চালের দোকানে অভিযান চালিয়ে ৬ হাজার টাকা জরিমানা করেছে। চালের বস্তায় পাটজাত মোড়ক বস্তা ব্যবহার না করার পরিবর্তে প্লাস্টিক ব্যবহার করার দায়ে ওই দুই ব্যবসায় প্রতিষ্ঠানে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

বৃহস্পতিবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

জানা গেছে,পণ্যে পাটজাত মোড়ক ব্যবহার বাধ্যতামূলক আইন থাকলেও

আলমডাঙ্গার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে তা করা হয়না, এমন অভিযোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে আলমডাঙ্গা বাজারের দুই চাল ব্যবসায়ীর প্রতিষ্ঠানে অভিযান চালানো হয়। আলিফ উদ্দিন মোড়ের মেসার্স জিকে ট্রেডার্সের মালিক বাবুকে চালের বস্তায় পাটজাত দ্রব্যে ব্যবহার না করায় ৪ হাজার টাকা ও চাল বাজারের মেসার্স আজিবার রহমান ট্রেডূাসের মালিক আশরাফুল হক মুক্তারকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

এ সময় সকল দোকানদার ও ব্যবসায়ীদের পণ্যে বাধ্যতামূলক পাটের মোড়ক(বস্তা) ব্যবহারে সতর্ক করা হয়।

অভিযানকালে চুয়াডাঙ্গা জেলা পাট অধিদপ্তরের পরির্দশক আসাদুজ্জামান ও আলমডাঙ্গা থানার এসআই তরিকুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে উপস্থিত ছিলেন।